## চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১
বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র

পূর্ণমান-৭০

নিচের উদ্দীপকগুলি মনোযোগসহ পড় এবং প্রশ্নগুলির উত্তর দাও ঃ

১। রসুলপুর গ্রামের যুবসংঘ প্রতিবছর সাহিত্য ও সংস্কৃতির প্রতিযোগিতার আয়োজন করে থাকে। এ প্রতিযোগিতায় আশেপাশের গ্রামের প্রতিযোগীরা অংশগ্রহণ করে থাকে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পুরস্কৃত করা হয়। এর ফলে রসুলপুর গ্রামসহ পার্শ্ববর্তী গ্রামসমূহ দেশের সাহিত্য ও সংস্কৃতিতে ইতিবাচক ভূমিকা রাখতে পারছে।

**(ক) "আইয়াম-ই-জাহেলিয়া" শব্দের অর্থ কী?**

**(খ) "সপ্ত ঝুলন্ত" কবিতা বলতে কী বোঝ?**

**(গ) উদ্দীপকের রসুলপুর গ্রামের প্রতিযোগিতার সাথে ইসলাম পূর্ব যুগের কোন প্রতিযোগিতার মিল রয়েছে? বর্ণনা কর।**

**(ঘ) প্রাক ইসলামী যুগের সাহিত্য সংস্কৃতির বিকাশের ধারা মূল্যায়ন কর।**

২। রফিক একটি বিশেষ এলাকার জাতিগোষ্ঠী সম্পর্কে পর্যালোচনা করেন। এই জাতির লোকেরা প্রাচীনকালে বায়দা ও বাকিয়া নামে পরিচিত ছিল। পরবর্তী সময়ে তারা আরিবা ও মুস্তারিবা নামে খ্যাতি লাভ করে। এ জাতির অবস্থান অনুসারে আরব উত্তর ও দক্ষিণ এই দুই ভাগে বিভক্ত।

**(ক) পৃথিবীর বৃহত্তম উপদ্বীপের নাম কী?**

**(খ) "মরুভূমির জাহাজ" বলতে কী বুঝায়?**

**(গ) উদ্দীপকের পর্যালোচনাকৃত জাতির পরিচয় কোন জাতির ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর।**

**(ঘ) রফিকের পর্যালোচনাকৃত জাতির ওপর ভৌগলিক প্রভাব বিশ্লেষণ কর।**

৩। "ক" নামক সংস্কারক স্বদেশে অত্যাচারিত ও নির্যাতিত হয়ে পরিকল্পিতভাবে পার্শ্ববর্তী এলাকার অধিবাসীদের নিজের মতাদর্শে প্রভাবিত করেন ও তাদের আমন্ত্রণে স্বদেশ ত্যাগ করেন। তাঁর এই স্বদেশ ত্যাগ তাঁর জীবনের মোড় ঘুরিয়ে দেয়।

**(ক) বহিরা কে ছিলেন?**

**(খ) আল-আমিন কাকে বলা হত? কেন?**

**(গ) উদ্দীপকের সংস্কারকের স্বদেশ ত্যাগ ইসলামের ইতিহাসের কোন মহাপুরুষের দেশ ত্যাগকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর।**

**(ঘ) স্বদেশ ত্যাগ ছিল উক্ত মহাপুরুষের জীবনের মোড় ঘোরার অধ্যায়-উক্তিটি বিশ্লেষণ কর।**

৪। শফিক একজন যোদ্ধা। যুদ্ধের পর বাড়ি ফিরে এসে সে ছোট বোন শেফালির কাছে যুদ্ধের কথা বর্ণনা করছিল। যুদ্ধে তাদের অনেক ক্ষতি হয়েছিল। কয়েকজন যোদ্ধা মারা গিয়েছিল। শেফালি এর কারণ জানতে চাইলে শফিক বলল-আসলে তাদের রণকৌশল ঠিকই ছিল কিন্তু প্রথম দিকে কয়েকজন শত্রু সৈন্য মারা যেতে দেখে তারা কমান্ডারের নির্দেশ ভুলে গিয়ে প্রকাশ্যে চলে এসেছিল। অবশ্য পরে আর কখন ও তারা এমন ভুল করেনি।

**(ক) বদরের যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল?**

**(খ) হুদায়বিয়ার সন্ধিকে "ফাতহুম মুবিন" বলা হয়েছে কেন?**

**(গ) উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন যুদ্ধের কী মিল খুঁজে পাও? বর্ণনা কর।**

**(ঘ) উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে তোমার পঠিত গ্রন্থে উল্লিখিত যুদ্ধ থেকে কী শিক্ষা গ্রহণ করা হয়েছে আলোচনা কর।**

৫। সুলতান সুলেমান "ক" নামক অঞ্চলে ১ম বার অভিযান চালিয়ে পরাজিত হয়ে কোনক্রমে প্রাণ নিয়ে পালিয়ে যান। নতুন উদ্যমে পরের বছর ২য় বার অভিযান চালিয়ে প্রতিপক্ষকে ঘায়েল করে পরাজিত করেন। তিনি "ক" অঞ্চলে স্থায়ী মুসলিম সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা খেতাব লাভ করেন।

**(ক) সোমনাথ মন্দির কোথায় অবস্থিত?**

**(খ) সিন্ধু বিজয়ের ধর্মীয় ফলাফল লিখ।**

**(গ) উদ্দীপকের সুলতান সুলেমান তোমার পাঠ্য বইয়ের কোন মুসলিম শাসককে নির্দেশ করে? ব্যাখ্যা কর।**

**(ঘ) ভারতবর্ষে স্থায়ীভাবে মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠায় উক্ত শাসকের অবদান রয়েছে-পাঠ্যবইয়ের আলোকে এ কথাটির মূল্যায়ন কর।**

৬। রফিক শাসক হিসেবে দয়ালু, উদারচিত্ত, ধার্মিক ও জনকল্যাণকামী ছিলেন। প্রজাদের কল্যাণার্থে তিনি নতুন কয়েকটি ব্যবস্থা প্রবর্তন করেন। এই সকল কার্যাবলি স্বভাবত রফিককে জনগণের নিকট শ্রদ্ধাভাজন করে তুলে। **এতদ্সত্ত্বেও তাঁর কোন কোন নীতি ও কার্যাবলি ত্রুটিপূর্ণ বলে মনে করা হয়।**

**(ক) কারাচিল কোথায় অবস্থিত?**

**(খ) মুহাম্মদ বিন তুঘলককে "বৈপরীত্যের সংমিশ্রণ" কেন বলা হয়েছে?**

**(গ) উদ্দীপকে বর্ণিত রফিকের গৃহীত ব্যবস্থার সাথে ফিরোজ শাহ তুঘলকের গৃহীত পদক্ষেপের কী মিল রয়েছে? ব্যাখ্যা কর।**

**(ঘ) "রফিক তার কর্মকান্ডে ফিরোজ শাহ তুঘলককেই অনুসরণ করেছেন"-বিশ্লেষণ কর।**

৭। জালাল উদ্দিন সমুদ্র পাড়ি দিয়ে অন্য একটি দেশের বৃহৎ অঞ্চল দখল করে নেয়, কিন্তু তা রাজনৈতিকভাবে ফলাফল শূণ্য হলেও সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে এর গুরুত্ব অত্যন্ত সুদূরপ্রসারী। দুটি ভিন্ন জাতির সহাবস্থানের ফলে দেশের সমাজ ব্যবস্থায় বিরাট পরিবর্তন সাধিত হয় এবং তাদের মধ্যে ভাব বিনিময় ও সাংস্কৃতিক সংযোগ সম্ভব হয়।

**(ক) দেবল বন্দর কোথায় অবস্থিত?**

**(খ) সাম্রাজ্য বিস্তার বলতে কী বুঝায়?**

**(গ) উদ্দীপকে বর্ণিত জালাল উদ্দীনের বিজয়ের মধ্যে প্রাক সালতানাত যুগের একজন তরুণ সেনাপতির যে প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে-তা ব্যাখ্যা কর।**

**(ঘ) উক্ত বিজয়ের ফলে নতুন রাজ্যের চেহারা সম্পূর্ণভাবে বদলে যায়-পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর।**

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১

বিষয় ঃ প্রাণিবিজ্ঞান ১ম পত্র

পূর্ণমান-৫০


নিচের সকল প্রশ্নের উত্তর দাও ঃ

১।

| | | |
|---|---|---|
| ফিতাকৃমি | কেঁচো | রুইমাছ |

(ক) ট্যাগমাটাইজেশন কী?
(খ) যৌন দ্বিরুপতা বলতে কি বোঝায়?
(গ) উদ্দীপক সংশ্লিষ্ট প্রাণীদের পর্ব উল্লেখ করে বৈশিষ্ট্য লিখ?
(ঘ) উদ্দীপকে উল্লিখিত প্রাণীদের মধ্যে কোনটি অধিক উন্নত বলে মনে কর-বিশ্লেষণ কর?

২।





(ক) এলিট্রা কি?
(খ) **Hydrostatic Organ** বলতে কী বুঝায়?
(গ) উদ্দীপক সংশ্লিষ্ট প্রাণীটির 'স্বাভাবিক মৃত্যু নেই'-ব্যাখ্যা কর?
(ঘ) উদ্দীপকে সংশ্লিষ্ট জীবদের অবস্থান সহযোগীতাপূর্ণ-বিশ্লেষণ কর?

৩।




(ক) ভেনাস হার্ট কি?
(খ) **Lateral Line** এর গুরুত্ব লিখ?
(গ) উদ্দীপক সংশ্লিষ্ট অঙ্গটির গঠন লিখ?
(ঘ) উদ্দীপক সংশ্লিষ্ট প্রাণীটির সংরক্ষণ জরুরী ব্যাখ্যা কর।

৪।



(ক) সাগর ফোয়ারা কি?
(খ) সিলেন্টেরণ ও সিলোম এর মধ্যে পার্থক্য লিখ?
(গ) উদ্দীপক সংশ্লিষ্ট প্রাণীটির দ্রুত চলন পদ্ধতির সচিত্র ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে উল্লিখিত বিশেষ কোষটি আত্মরক্ষা ও চলনে সহায়তা করে-বিশ্লেষণ কর।

৫।




(ক) **Metamerism** কি?
(খ) পুরুষ ও স্ত্রী ঘাসফড়িং এর মধ্যে ৪টি পার্থক্য লিখ?
(গ) উদ্দীপকে **"A"** চিহ্নিত অংশটির গঠন লিখ?
(ঘ) উদ্দীপক সংশ্লিষ্ট প্রাণীটির রক্ত সংবহন বদ্ধ নাকি মুক্ত ধরনের ব্যাখ্যা কর।